NOV. 22 2001

দৈনিক সংবাদ

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৭ কলাম ৮......

# ইসলামী শিক্ষা বাধ্যতামূলক করার দাবি

**নিজস্ব বার্তা পরিবেশক ঃ** জাতীয় শিক্ষা ব্যবস্থায় সকল স্তরে ইসলামি শিক্ষাকে বাধ্যতামূলক করার দাবি জানিয়েছে বাংলাদেশ ইসলামিক স্টাডিজ স্টুডেন্টস ফোরাম।

গতকাল বুধবার জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে এ দাবি জানানো হয়।

সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য উপস্থাপন করে বলা হয়, যে দেশে শতকরা ৯০ জন লোক মুসলমান সেখানে শিক্ষার সর্বস্তরে ইসলামি শিক্ষা বাধ্যতামূলক হওয়ার কথা; কিন্তু আমাদের দেশে তা হয়নি।

সাংবাদিক সম্মেলনে গত আওয়ামী লীগ সরকারের সমালোচনা করে বলা হয়, গত ৫ বছরে কোন ডিগ্রি কলেজে ইসলামিক স্টাডিজ খোলার অনুমতি দেয়া হয়নি।